

এ যে মোর আবরণ
 ঘুচাতে কতক্ষণ !
 নিশ্বাসবায় উড়ে চলে যায়
 তুমি কর যদি মন ॥
 যদি পড়ে থাকি ভূমে
 ধুলার ধরণী চুমে,
 তুমি তারি লাগি দ্বারে রবে জাগি
 এ কেমন তব পণ ॥
 রথের চাকার রবে
 জাগাও জাগাও সবে,
 আপনার ঘরে এসো বলভরে
 এসো এসো গৌরবে ।
 ঘুম টুটে যাক চলে,
 চিনি যেন প্রভু ব'লে -
 ছুটে এসে দ্বারে করি আপনারে
 চরণে সমর্পণ ॥

Parjaay: Puja

Visit www.geetabitan.com for notation and other detail